# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 22 June, 2025

প্রধানমন্ত্রীর মেয়াদ, রাষ্ট্রের মূলনীতি এবং নির্বাচনি এলাকা নির্ধারণ নিয়ে আজ (রোববার) আলোচনা হবে বলে জানিয়েছেন ঐক্যমত কমিশনের সহ-সভাপতি অধ্যাপক আলী রীয়াজ।

রোববার (২২ জুন) সকালে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমির মিলনায়তনে জাতীয় ঐকমত্য কমিশনের দ্বিতীয় ধাপের পঞ্চম দিনের সংলাপের স্বাগত বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, গত কয়েক দিনের আলোচনায় কিছু বিষয় অমীমাংসিত রয়েছে।তার মধ্যে রয়েছে উচ্চকক্ষ গঠন, উচ্চকক্ষ কিভাবে গঠিত হবে? নারীদের প্রতিনিধিত্ব কিভাবে হবে? রাষ্ট্রপতি নির্বাচনের প্রক্রিয়া কি হবে? এই বিষয়গুলো নিয়ে আমরা এক জায়গায় আসতে পারিনি।

তিনি আরও বলেন, এসব প্রসঙ্গে আমাদের সঙ্গে কয়েকটি রাজনৈতিক দল যোগাযোগ করেছে এবং আমরাও কয়েকটি রাজনৈতিক দলের সঙ্গে যোগাযোগ করেছি।

আলী রীয়াজ বলেন, উচ্চকক্ষের বিষয়টি গুরুত্বপূর্ণ।রাজনৈতিক দলগুলোর পক্ষ থেকে অনুরোধ এসেছে, তারা একটু নীতিনির্ধারক পর্যায়ে আলোচনা করতে চায়।সেজন্য একটু সময় দরকার।সেই কারণে আমরা কমিশনের পক্ষ থেকে সিদ্ধান্ত নিয়েছি, আমরা এ বিষয়গুলো আর একটু পরে অর্থাৎ আগামী সপ্তাহে আলোচনা করি।আগামী দুই দিন সংলাপ মুলতবি রাখব।আমরা আশা করছি, এই সময় আপনারা আলাপ-আলোচনা করে ফেরত আসতে পারবেন।কমিশন নিজেও মনে করে যে, কমিশনের নিজেরও একটু বসা দরকার।

কমিশনের সহ-সভাপতি বলেন, কোনো জায়গায় আমরা একমত হতে পারি, কতদূর পর্যন্ত যেতে পারি, একটু ছাড় দেওয়ার জায়গাতে আসুন। যারা আসছেন, আরেকটু আগান।জুলাইয়ে সনদ করার মধ্য দিয়ে যেন আমরা এই পর্বের অংশ যেন শেষ করতে পারি।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:18

URL: https://www.timestodaybd.com/public/national/3537775807